

ইবনে তাইমিয়া স্কুল এন্ড কলেজের সাফল্যের ধারাবাহিকতা অব্যাহত

জিপিএ-৫ এর ভিত্তিতে ৩য় এবং গ্রেডিং এর ভিত্তিতে কুমিল্লা বোর্ডে ৯ম স্থান লাভ

এসএসসি পরীক্ষায় কুমিল্লা শিক্ষা বোর্ডে ইবনে তাইমিয়া স্কুল এন্ড কলেজ শীর্ষ তালিকায় ৯ম স্থান লাভ করে। ৬২৯জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে A+ ২৭৫জন ও A গ্রেড ২৮২জন সহ ৬২৩ জন উত্তীর্ণ হয়। জিপিএ-৫.০০ এর ভিত্তিতে ৩য় স্থান লাভ গ্রেডিংয়ের ভিত্তিতে কুমিল্লা বোর্ডে ৯ম স্থান অর্জন করে। প্রতিষ্ঠানের অধ্যক্ষ মু. শফিকুল আলম হেলাল বলেন, এ ভাল ফলাফলের পেছনে ট্রাস্ট ও গভর্নিং বডিতে দক্ষ পরিচালনা, শিক্ষকদের নিরলস শ্রম, শিক্ষার্থীদের আন্তরিক প্রচেষ্টা এবং অভিভাবকদের সচেতনতা সর্বোপরি মহান আল্লাহর রহমতই একমাত্র কারণ। এখানে উল্লেখ্য যে, প্রতিষ্ঠানটি কুমিল্লা শিক্ষাবোর্ডে জে.এস.সি, এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষায় এ পর্যন্ত ২৪বার শীর্ষ তালিকায় স্থান পেল। প্রতিষ্ঠানের সাফল্যের ধারা অব্যাহত থাকায় অধ্যক্ষ মু. শফিকুল আলম হেলাল আল্লাহর দরবারে শুকরিয়া আদায় করেন। প্রতিষ্ঠানের উত্তরোত্তর উন্নতির জন্য দেশবাসীর নিকট দোয়া কামনা করেন। ছাত্র-ছাত্রী, শিক্ষক ও অভিভাবকদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। ছাত্র-ছাত্রী এবং অভিভাবকগণ জানান যে, অধ্যক্ষ স্যারের সুষ্ঠ পরিকল্পনা ও শিক্ষকদেরকে নিয়ে আন্তরিক প্রচেষ্টা চালানোর কারণেই এ ফলাফল অর্জন হয়েছে বলে আমরা মনে করি। ভবিষ্যতে এ প্রতিষ্ঠানের সুনাম আরও বৃদ্ধি পাক, সাফল্যের ধারা অব্যাহত থাকুক মহান আল্লাহর দরবারে এ দোয়া করি।

প্রেস বিজ্ঞপ্তি

মোঃ ইব্রাহীম মুহুরী

০১৮১৪-৭৫৫৮৪৮

**(অফিস) ইবনে তাইমিয়া স্কুল এন্ড কলেজ
কুমিল্লা**